

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব বাণিজ্য মতামত খেলা বিনোদন চাকরি জীবনয  Eng 

 ছবি

 ভিডিও

 সাক্ষাৎকার

বৃত্তি

সরকারের টাকায় বিদেশে মাস্টার্স, বয়স ৩৫ ও টোয়েফল-আইইএলটিএস থাকলে করুন আবেদন

প্রথম আলো ডেস্ক



বিমা নিয়ে পড়াশোনার জন্য সরকারের দেওয়া বৃত্তিতে আবেদন চলছে। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে এ বৃত্তি দেওয়া হচ্ছে। দেশে প্রয়োজনীয় অ্যাকচুয়ারি সৃষ্টির লক্ষ্যে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এ বৃত্তি দেওয়া হচ্ছে। অ্যাকচুয়ারিয়াল সায়েন্স ও অ্যাকচুয়ারিয়াল ম্যানেজমেন্ট বিষয়ে মাস্টার্স প্রোগ্রামের জন্য এ বৃত্তি দেওয়া হবে। অ্যাকচুয়ারিয়াল সায়েন্স ও অ্যাকচুয়ারিয়াল ম্যানেজমেন্ট বিষয়ে ব্রিটেনে মাস্টার্স প্রোগ্রামের জন্য এ বৃত্তিতে আবেদন চলছে।

আবেদনের যোগ্যতা

অ্যাকচুয়ারিয়াল সায়েন্স ও অ্যাকচুয়ারিয়াল ম্যানেজমেন্ট বিষয়ে ব্রিটেনে মাস্টার্স প্রোগ্রামের জন্য আগ্রহী প্রার্থীদের নিচের যোগ্যতাসম্পন্ন হতে হবে:

১.

মাস্টার্স ইন অ্যাকচুয়ারিয়াল সায়েন্স ডিগ্রির জন্য যুক্তরাজ্যের সিটি ইউনিভার্সিটি অব লন্ডনের কাস বিজনেস স্কুল (এখন দ্য বিজনেস স্কুল নামে পরিচিত) থেকে শর্তহীন অফার লেটার (ফুলটাইম) থাকতে হবে। শর্তযুক্ত অফার লেটার-সংবলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২.

এ বছরের ৩১ মার্চে আবেদনকারীর বয়সসীমা হতে হবে সর্বোচ্চ ৩৫ বছর।

৩.

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা করপোরেশন, জীবন বীমা করপোরেশন এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষে কর্মরত নিজস্ব প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৪০। তবে মডিউলভিত্তিক আবেদনকারীর বয়সসীমা শিথিলযোগ্য।

৪.

সরকারি কর্মকর্তার ক্ষেত্রে চাকরি স্থায়ী হতে হবে এবং চাকরিতে প্রবেশের পর বিদেশে কোনো মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করে থাকলে অযোগ্য বিবেচিত হবেন।

আবেদন ফরম কোথায় মিলবে

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট থেকে বৃত্তি প্রোগ্রামের জন্য আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

আবেদনে যা সংযুক্ত করতে হবে

আগ্রহী প্রার্থীদের আবেদন ফরমের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
- শিক্ষাগত যোগ্যতার সব সনদ
- পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি
- জাতীয় পরিচয়পত্রের কপি
- পাসপোর্টের সত্যায়িত কপি
- টোয়েফল, আইইএলটিএস (একাডেমিক) পরীক্ষার ফলাফলের সত্যায়িত কপি
- শর্তহীন অফার লেটার (ফুলটাইম) থাকতে হবে এবং
- শর্তযুক্ত অফার লেটার-সংবলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

আবেদনের ঠিকানা

উল্লিখিত কাগজপত্রসহ আবেদন ফরম রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি নির্ধারিত সময়ের মধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা ঠিকানায় পাঠাতে হবে।

আবেদনের শেষ সময়

আবেদনের সময়সীমা ৩০ জুন, বিকেল ৫টা।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো